

- ০১। নারী উন্নয়ন ও জেন্ডার সমতার লক্ষ্যে মিলেনিয়াম ডেভেলোপমেন্ট গোল (MDG) ও দারিদ্র বিমোচন কৌশল পত্রের (NSAPR) আলোকে নারী উন্নয়ন নীতির বাস্তবায়নকল্পে রাজস্ব ও উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন।
- ০২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে নারী উন্নয়নে গৃহীত সরকারি/বেসরকারি উদ্যোগ ও কার্যক্রম সমন্বয় করা।
- ০৩। নারী বান্ধব আবাসিক/ অনাবাসিক প্রশিক্ষণ কেন্দ্রে বৃত্তিমূলক ও ব্যবহারিক প্রশিক্ষণের মাধ্যমে মহিলাদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা।
- ০৪। আর্থ- সামাজিক উন্নয়নের মূল ধারায় নারীকে সম্পৃক্তকরণের মাধ্যমে উন্নয়ন কার্যক্রম গতিশীল করা।
- ০৫। দারিদ্র সীমার নিচে বসবাসকারী মহিলাদের খাদ্য নিরাপত্তা, ভাতা প্রদান, প্রশিক্ষণ প্রদান, আয়বর্ধক কর্মসূচিকে অংশগ্রহণের মাধ্যমে তাদের জীবনমান উন্নয়নসহ দারিদ্র বিমোচনের ব্যবস্থা করা।
- ০৬। দুঃস্থ মহিলা স্বল্প বেতনভুক্ত কর্মজীবী, অসহায় ও দারিদ্র গর্ভবতী, দুগ্ধদায়ী মা'র জন্য ৩ বছর মেয়াদী মাতৃত্বকালীন ভাতা ও ল্যাকটেটিং ভাতা প্রদান করা।
- ০৭। বিভিন্ন বৃত্তিমূলক পেশায় প্রশিক্ষণ প্রাপ্ত বিত্তহীন ও দারিদ্র মহিলাদের উৎপাদনমুখী কর্মকাণ্ডে সম্পৃক্তকরণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্রঋণ প্রদান করা।
- ০৮। পরিবার ও সমাজের সহায়ক পরিবেশে কিশোর-কিশোরীদের সমাজ পরিবর্তনের সক্রিয় এজেন্ট হিসাবে ক্ষমতায়ন করা।
- ০৯। কর্মজীবী নারীদের নিরাপদ আবাসন সুবিধা প্রদানের নিমিত্ত কর্মজীবী মহিলা হোস্টেল পরিচালনা।
- ১০। নারীর প্রতি সহিংসতা রোধসহ নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা।
- ১১। নির্যাতনের শিকার নারী ও শিশুদের আইনগত সহায়তা প্রদানসহ এসিড দগ্ধ নারীদের আশ্রয় ও চিকিৎসা সেবা প্রদান করা।
- ১২। নির্যাতনের শিকার, দুঃস্থ নারী ও শিশুদের সাময়িক আশ্রয়সহ সাহায্য প্রদান করা।
- ১৩। নারী ও শিশু পাচার প্রতিরোধে সামাজিক সচেতনতা বৃদ্ধিসহ বিভিন্ন আইন প্রয়োগের মাধ্যমে নারী ও শিশু পাচার প্রতিরোধ কার্যক্রম গ্রহণ করা।
- ১৪। মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আশ্রয়ের পাশাপাশি সকল প্রকার শারীরিক ও মানসিক চিকিৎসাসহ প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদানের ব্যবস্থা করা।
- ১৫। কর্মজীবী ও শ্রমজীবী মায়েদের শিশুদের জন্য ঢাকাসহ সকল বিভাগীয় শহরে দিবায়ত্ন কেন্দ্র পরিচালনা করা।

১৬। দেশের আনাচে-কানাচে ছড়িয়ে ছিটিয়ে থাকা নারী সংগঠন ও ক্ষুদ্র ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য ও সেবা বিপণন ও বাজারজাতকরণে সহায়তা প্রদানের লক্ষ্যে নারী বান্ধব উদ্যোক্তা উন্নয়ন প্রয়াস “জয়িতা” বিপণন কেন্দ্র এবং বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র “অঞ্জনা” পরিচালনা করা।

১৭। চাকুরী বিনিয়োগ তথ্য কেন্দ্রের মাধ্যমে নিবন্ধীকৃত বেকার, শিক্ষিত, স্বল্প শিক্ষিত, দক্ষ কিংবা অদক্ষ চাকুরী প্রত্যাশী নারীদের চাকুরী সংক্রান্ত তথ্য সরবরাহ, চাকুরী প্রাপ্তিতে দক্ষতা বৃদ্ধি ও অগ্রাধিকার পাওয়ার লক্ষ্যে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান এবং চাকুরীতে মহিলাদের কোটা পূরনের লক্ষ্যে সহায়তা প্রদান করা।

১৮। স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন সমূহের নিবন্ধন, নিয়ন্ত্রণ, তদারকীসহ সংগঠন সমূহের মধ্যে বাৎসরিক অনুদান বিতরণ এবং অধিদপ্তরে বাস্তবায়নাধীন বিভিন্ন কর্মসূচিতে সহযোগী সংস্থা হিসেবে সম্পৃক্ত করা।

১৯। নারী উন্নয়ন ও জেন্ডার আনয়নে জাতীয় নারী উন্নয়ন নীতি ও CEDAW সনদ বাস্তবায়নসহ বিভিন্ন সামাজিক সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করা।